



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০২৫৮৮৮-৪৪৯৮১

তারিখ: ১৯.০২.২০২৫

প্রেস রিলিজ

“লাইফের গোল ঠিক করতে হবে”: পাবিপ্রবি উপাচার্য

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, জীবনে ভালোকিছু করতে হলে প্রথমেই লক্ষ্য ঠিক করতে হবে। ভালো রেজাল্ট করা, এক্সট্রা কারিকুলাম বাড়ানো এবং ক্যারিয়ার গঠনে পরিকল্পনা থাকতে হবে। রসায়ন বিভাগের বিদায় অনুষ্ঠান ও কেমিস্ট্রি নাইট প্রোগ্রামে উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল শিক্ষার্থীদের উদ্দেশে এ কথা বলেন।

রসায়ন বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের বিদায় অনুষ্ঠান আজ বুধবার (১৯ ফেব্রুয়ারি) সন্ধ্যায় বন্দে আলী মিয়া মুক্তমঞ্চে অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল। বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান এবং বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ফজলুল হক। সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান মো. ফারুক আহমেদ।

উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, “তোমাদের ভালো রেজাল্ট করা, জীবনের লক্ষ্য নির্ধারণ এবং ক্যারিয়ার প্ল্যান করতে হবে। স্বপ্নকে বড় করে দেখা এবং তা বাস্তবায়ন করতে হবে। প্রত্যেককে পাবিপ্রবি’র অ্যাম্বাসেডর হওয়া এবং বিশ্ববিদ্যালয়কে আন্তর্জাতিকভাবে রিপ্রেজেন্ট করতে হবে। নিজ, পরিবার এবং দেশের জন্য অবশ্যই ভালোকিছু করা এবং ভালো মানুষ হতে হবে। তিনি বলেন, মালয়েশিয়া ও কোরিয়া জনসংখ্যাকে কাজে লাগিয়ে নিজেদেরকে উন্নতির শিখরে নিয়ে গিয়েছে। আমাদেরও অনেক জনশক্তি আছে, জনশক্তিকে রিসোর্স হিসেবে ব্যবহার করতে হবে।”

বিভাগের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। সন্ধ্যায় অনুষ্ঠান শুরু হয়ে রাতে সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে শেষ হয়।

১৯.০২.২০২৫

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।